**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)**
**ব্রাহ্মণবাড়িয়া শাখা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ব্রাহ্মণবাড়িয়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া এর ঋণগ্রহীতা মেসার্স বিসমিল্লাহ্ সেনিটারি, প্রোঃ জনাব মো. ফেরদৌস উল কবির, পিতা- মৃত জামশেদুল হক, মাতা- মোমেনা খাতুন , ব্যবসায়িক ঠিকানা টি.এ. রোড, ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা- ১৪৫৪/২ পিস ভ্যালী, ফ্ল্যাট- ১০ডি, (১০ তলা) কাউতুলি স্টেডিয়াম গেইট সংলগ্ন, কাউতুলী, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০ কর্তৃক ইউসিবি, ব্রাহ্মণবাড়িয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৬-০৮-২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৮১,৯৯,৭৯৭.০০ (একাশি লক্ষ নিরানব্বই হাজার সাতশত সাতানব্বই) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা- ব্রাহ্মণবাড়িয়া, থানা- ব্রাহ্মণবাড়িয়া সদর, সাব-রেজিষ্ট্রি অফিস- ব্রাহ্মণবাড়িয়া, মৌজা-মৌড়াইল, জেএল নং- ২৭১ বর্তমান-৬৮, খতিয়ান নং- সি.এস. ১, এস.এ. ৯৬, ডি.পি. ১৩০১, মিউটেশন ৬১১, প্লট নং- সি.এস. ১২০, এস.এ. ১৪৮, ডি.পি. ৪৫২ মোট জমির পরিমান ২.৭৪ শতাংশ ভিটি বাড়ি জমি ও বানিজ্যিক দোকান ভিটি যার চৌহদ্দিঃ উত্তরে আব্দুল আওয়াল এর ওয়ারিশ, দক্ষিণে এস. এম. আমিনুর রহমান, মনিরা আক্তার তারপর জিল্লুর রহমান, পূর্বে আমিরুল ইসলাম গং এবং পশ্চিমে মোশাররফ হোসাইন গং।

২। জেলা- ব্রাহ্মণবাড়িয়া, থানা- ব্রাহ্মণবাড়িয়া সদর, সাব-রেজিষ্ট্রি অফিস- ব্রাহ্মণবাড়িয়া, মৌজা-মৌড়াইল, জেএল নং- ২৭১ বর্তমান-৬৮, খতিয়ান নং- সি.এস. ৬৬, এস.এ. ৩২৪, ডি.পি. ৭৪৬, মিউটেশন ৬১১, প্লট নং- সি.এস. ১২৯, এস.এ. ১৭৭, ডি.পি. ৪৪৮, মোট জমির পরিমান ০.২৬ শতাংশ (এজমালি রাস্তা ০.৯৪ শতাংশ এর অংশ) চৌহদ্দিঃ উত্তরে সীমানা প্রাচীর, দক্ষিণে মোহাম্মদ আলী গং, পূর্বে পৌরসভা রাস্তা ও পশ্চিমে জিল্লুর রহমান।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ২৯.১০.২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ব্রাহ্মণবাড়িয়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ব্রাহ্মণবাড়িয়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্তের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা প্রধান, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ব্রাহ্মণবাড়িয়া শাখা।**